

সমাজকল্যাণ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ১৬-০১-২০২২খ্রি.।
সময় : সকাল ১১:৩০ মিনিট।
সভার স্থান : ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্রীনগর এর অফিস কক্ষ।
সভাপতি : জনাব রেহানা বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।


সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা বিবরণী: (পরিশিষ্ট - 'ক')

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা সমাজসেবা অফিসার ও কমিটির সদস্য সচিবকে সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ জানানো হয়।

কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সভাকে অবহিত করেন যে, শ্রীনগর উপজেলায় সামাজিক নিরাপত্তা বেস্টনি কর্মসূচির আওতায় অসচ্ছল প্রতিবন্ধীভাতা ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি প্রদান করা হচ্ছে। এ উপজেলায় প্রায় ১,৯৯২ জন প্রতিবন্ধীভাতা পাচ্ছে এবং ৭৫ জন প্রতিবন্ধী শিক্ষার্থী শিক্ষা উপবৃত্তি পাচ্ছে। প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য আলাদা কোন স্কুল বা শিক্ষা প্রতিষ্ঠান নাই। ফলে প্রতিবন্ধী শিশুদের পড়ালেখায় অনেক সদস্যের সম্মুখীন হতে হয়। এই উপজেলায় প্রতিবন্ধীদের জন্য একটি স্কুল প্রতিষ্ঠা করা প্রয়োজন।

সিদ্ধান্ত : উপস্থাপিত বিষয়ে পর্যালোচনান্তে এই উপজেলার প্রতিবন্ধীদের জন্য একটি আধুনিক মানসম্মত স্কুল প্রতিষ্ঠার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হ'ল। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্ত ঘোষণা করেন।


(রেহানা বেগম)
ভাইস চেয়ারম্যান (মহিলা)
ও
সভাপতি
সমাজকল্যাণ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটি
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

25/10/22
25/10/22

25/10/22

25/10/22

25/10/22

25/10/22

25/10/22

25/10/22

25/10/22

25/10/22

25/10/22

25/10/22

25/10/22

25/10/22

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং-৪১.২৩.৫৯৮৪.০০০.০৬.২৫২.১২-১৩১২(৪)

তারিখ- ০৯-০১-২০২২খ্রি।

‘সভার নোটিশ’

আগামী ১৬-০১-২০২২খ্রি. তারিখ দুপুর ১১:৩০ মিনিট সমাজকল্যাণ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটি'র এক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ'ল।

(মাফুজা পারভীন/চৌধুরী)
উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব
সমাজকল্যাণ বিষয়ক উপজেলা স্থায়ী
কমিটি, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
০২. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
০৩. চেয়ারম্যান, বাঘড়া ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
০৪. চেয়ারম্যান, ভাগ্যকুল ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
০৫. অফিস কপি।